গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
www.nlaso.gov.bd

স্মারক নং-১০.০৭.০০০০.০০১.১১.০০৭.২০১৯-২৭৫

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ / ০৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার অধীন সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস ও জেলা লিগ্যাল এইড অফিসের জন্য নিম্নলিখিত শূন্য পদে নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | কর্মস্থল | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | কোর্ট লিগ্যাল এইড এ্যাসিস্টেন্ট<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০১ | সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস, ঢাকা। | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদিতে সর্বনিম্ন গতি-<br>ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>খ) ইংরেজী: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | সকল জেলা |
| ০২ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৩ | জেলা লিগ্যাল এইড অফিস (টাঙ্গাইল, হবিগঞ্জ ও খাগড়াছড়ি) | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদিতে সর্বনিম্ন গতি-<br>ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>খ) ইংরেজী: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |
| ০৩ | বেঞ্চ সহকারী<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ৩১ | জেলা লিগ্যাল এইড অফিস (ঢাকা, গাজীপুর, নরসিংদী, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, নেত্রকোণা, ফরিদপুর, শরীয়তপুর, ময়মনসিংহ, টাংগাইল, রাজশাহী, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, দিনাজপুর, খুলনা, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, বরিশাল, ভোলা, চট্টগ্রাম, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, সিলেট ও মৌলভীবাজার)। | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদিতে সর্বনিম্ন গতি-<br>ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>খ) ইংরেজী: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |
| ০৪ | ডেসপাস রাইডার<br>গ্রেড-১৮<br>বেতন স্কেল: ৮৮০০-২১৩১০/- | ০১ | সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস, ঢাকা। | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। মোটর সাইকেল চালনায় অভিজ্ঞতা সম্পন্ন ও লাইসেন্সধারী হতে হবে। | |
| ০৫ | জারীকারক<br>গ্রেড-১৯<br>বেতন স্কেল: ৮৫০০-২০৫৭০/- | ৬৩ | ময়মনসিংহ জেলা ব্যতিত ৬৩ জেলা। | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটার টাইপে অভিজ্ঞতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেয়া হবে। | |

**শর্তাবলী:**

০১। **বয়স (২৬/০৯/২০১৯ তারিখে):**

ক) সাধারণ প্রার্থী, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যের কোটার প্রার্থীর ক্ষেত্রে ৩০ বছর (জন্ম তারিখ সর্বোচ্চ ২৭/০৯/১৯৮৯ পর্যন্ত)।

খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার জন্য সর্বোচ্চ ৩২ বছর (জন্ম তারিখ সর্বোচ্চ ২৭/০৯/১৯৮৭) পর্যন্ত)।

গ) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩৫ বছর (জন্ম তারিখ সর্বোচ্চ ২৭/০৯/১৯৮৪) পর্যন্ত)।

০২। **অন-লাইনে আবেদন ফরম পূরণ:**

প্রার্থীকে টেলিটকের **web address: http://nlaso.teletalk.com.bd** এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে অনলাইন Registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ ও অন্যান্য সাধারণ নির্দেশনাবলী উক্ত ঠিকানায় (Link) পাওয়া যাবে।

০৩। **পরীক্ষার ফি:**

ক্রমিক নং ১-৩ এ উল্লিখিত পদের জন্য প্রতি প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) এবং ক্রমিক নং ৪ ও ৫ এ উল্লিখিত পদের জন্য প্রতি প্রার্থীকে পরীক্ষা ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং সার্ভিস চার্জ বাবদ ০৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা প্রদান করিতে হইবে।

০৪। **পরীক্ষার ফি প্রদান পদ্ধতি:**

অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application's Copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে নির্ধারিত পরীক্ষার ফি জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইন-এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

প্রথম SMS : NLASO<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: NLASO ABCDEF send to 16222

Reply : Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is (8 digit numbers). To pay fee, type NLASO<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : NLASO<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: NLASO YES (8 digit numbers) send to 16222

Reply : Congratulations! Applicant's Name, payment completed successfully for examination fee. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

০৫। **User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতি:**

শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে NLASO<space>Help<space>User <space>User ID & Send to ১৬২২২.
Example : NLASO Help User ABCDEF & send to ১৬২২২

ii. PIN Number জানা থাকলে: NLASO<space>Help<space>PIN <space>PIN No & Send to ১৬২২২.
Example : NLASO Help PIN 12345678 & send to ১৬২২২

০৬। **অন-লাইনে আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদানের সময়সীমা (তারিখ ও সময়):**

| | | |
|---|---|---|
| ক) | অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: {উল্লেখ্য যে, প্রার্থীদেরকে আবেদনপত্র দাখিলে-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে পরীক্ষার ফি জমাদান সম্পন্ন করতে হবে।} | ০৫/০৯/২০১৯ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা। |
| খ) | অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : {উক্ত সময়সীমার মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণই পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে অর্থাৎ ২৮/০৯/২০১৯ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।} | ২৫/০৯/২০১৯ খ্রি: বিকাল ০৫.০০ ঘটিকা। |

০৭। **প্রবেশপত্র প্রিন্ট ও সংরক্ষণ:**

উল্লেখিত পদে নিয়োগের লক্ষ্যে অনলাইন আবেদনে প্রার্থীর মোবাইল ফোন নম্বরে টেলিটক হইতে এসএমএস এর মাধ্যমে শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পুর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি সকল পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/মৌখিক) অংশগ্রহণের সময়ে প্রদর্শন করবেন।

০৮। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

০৯। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি বিধান অনুসরণ করা হবে।

১০। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১১। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৩/০৯/২০১৯

উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
ও
সদস্য সচিব, বাছাই কমিটি।